“শেখ হাসিনার বারতা
নারী - পুরুষ সমতা”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
শ্যামনগর, সাতক্ষীরা
www.dwa.shyamnagar.satkhira.gov.bd

# কি সেবা কীভাবে পাবেন

| ক্রমিক নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তির স্থান |
|---|---|---|---|
| ১ | ভিজিডি | # ভিজিডি কর্মসূচীর আওতায় খাদ্য নিরাপত্তা ও পুষ্টি চাহিদা পূরণে দুস্থ ও অসহায় নারীদের ২ বছর মেয়াদী চক্রে প্রতি মাসে ৩০ কেজি করে পুষ্টিচাল মিশ্রিত চাল প্রদান।<br># সুবিধাভোগীদের নির্বাচিত এনজিও এর মাধ্যমে আয়বর্ধক, জীবনদক্ষতামূলক, ও সামাজিক সচেতনতামূলক প্রশিক্ষণ প্রদান<br># ভিজিডি চক্র শেষে প্রশিক্ষণ প্রাপ্ত মহিলাদেরকে ঋণ সুবিধা প্রদান | # জাতীয় পরিচয়পত্রের কপি<br># ১ কপি ছবি<br># ইউডিসি বা যেকোন কম্পিউটার থেকে অনলাইনে আবেদন |
| ২ | আইসিভিজিডি | #ইনভেস্টমেন্ট কম্পোনেন্ট ফর ভালনারেবল গ্রুপ ডেভেলপমেন্ট কর্মসূচীর আওতায় ভিজিডি উপকারভোগী নারীদের মাঝখান হতে নির্বাচিত নারীদের ব্যাবসায়িক দক্ষতা তৈরীতে বিশেষ প্রশিক্ষণ প্রদান।<br># প্রশিক্ষণ প্রদান শেষে ক্ষুদ্র ব্যাবসায় উদ্যোগ তৈরীতে মূলধনের জোগান হিসেবে নগদ অর্থ সহায়তা প্রদান।<br># ব্যাবসায় উদ্যোগ তৈরীর পর সেটির কার্যক্রম নির্দিষ্ট মেয়াদ পর্যন্ত নিবিড়ভাবে পর্যবেক্ষণ এবং প্রয়োজনীয় পরামর্শ ও কৌশলগত সহায়তা প্রদান | # জাতীয় পরিচয়পত্রের কপি<br># ১ কপি ছবি<br># ইউডিসি বা যেকোন কম্পিউটার থেকে অনলাইনে আবেদন করা যায় |
| ৩ | মা ও শিশু সহায়তা কর্মসূচী | # দরিদ্র গর্ভবতী মা’দের জন্য গর্ভকালে পুষ্টির নিশ্চয়তা প্রদান ও শিশুর পুষ্টি চাহিদা পূরণে মাসিক নগদ অর্থে ভাতা প্রদান।<br># ৩৬ মাস মেয়াদে ভাতা বিতরণ।<br># গর্ভকালীন পুষ্টি চাহিদা, স্বাস্থ্যসুরক্ষা, নবজাতকের পুষ্টি চাহিদা ইত্যাদি সম্পর্কে প্রশিক্ষণ প্রদান। | # জাতীয় পরিচয়পত্রের কপি<br># ১ কপি ছবি<br># নির্ধারিত আবেদন ফর্ম; ইউনিয়ন পরিষদ থেকে সংগ্রহ করতে হয় |
| ৪ | দক্ষতা উন্নয়নে প্রশিক্ষণ | # মহিলাদের জীবিকায়নের জন্য দক্ষতা উন্নয়নে প্রশিক্ষণ প্রদান<br># ৩ মাস মেয়াদী প্রতি ব্যাচে ৩০ জন করে নারীকে দর্জি ও সেলাই প্রশিক্ষণ প্রদান।<br># দৈনিক হাজিরার ভিত্তিতে ১০০ টাকা করে ভাতা প্রদান।<br># প্রশিক্ষণ শেষে সনদ বিতরণ ও ব্যাবসায় উদ্যোগ তৈরীতে সহায়তা প্রদান | # নির্ধারিত আবেদন ফর্ম<br># সত্যায়িত ছবি ৩ কপি<br># জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি<br># শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত কপি |

| ক্রমিক নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তির স্থান |
|---|---|---|---|
| | | | # উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে আবেদন ফর্ম পাওয়া যায় |
| ৫ | আয়বর্ধক প্রশিক্ষণ প্রকল্প | # ফ্যাশন ডিজাইনিং ও ক্রিস্টাল শো-পিস এন্ড ডেকোরেটেড ক্যান্ডেল মেকিং এই দুইটি ট্রেডে প্রশিক্ষণ প্রদান<br># ৩ মাস মেয়াদী প্রতি ব্যাচে ২৫ জন করে দুইটি ট্রেডে ৫০ জন করে মেয়েকে প্রশিক্ষণ প্রদান<br># দৈনিক হাজিরার ভিত্তিতে ভাতা প্রদান<br># প্রশিক্ষোণ শেষে সনদ বিতরণ ও ব্যাবসায় উদ্যোগ তৈরীতে সহায়তা প্রদান | # সত্যায়িত ছবি ৩ কপি<br># জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি<br># শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত কপি<br># ইউডিসি বা যেকোন কম্পিউটার থেকে অনলাইনে আবেদন করা যায় |
| ৬ | আত্ন-কর্মসংস্থানে ক্ষুদ্র ঋণ প্রদান কর্মসূচী | # দুস্থ, অসহায় ও প্রশিক্ষিত নারীদের আত্নকর্মসংস্থানের লক্ষ্যে ক্ষুদ্র ঋণ প্রদান<br># চাহিদাভিত্তিক উদ্যোগ অথবা কর্মসূচি অনুযায়ী ১ বছর অথবা ২ বছর মেয়াদী ঋণ প্রদান<br># কর্মসূচী বা উদ্যোগভেদে ৫০০০-১৫০০০/- টাকা পর্যন্ত নগদ অর্থ ঋণ দেওয়া হয় | # নির্ধারিত আবেদন ফর্ম<br># সত্যায়িত ছবি ৩ কপি<br># জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি<br># ১৫০/- টাকার নং জুডিশিয়াল স্ট্যাম্পে স্বাক্ষরিত চুক্তিপত্র<br># উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে আবেদন ফর্ম পাওয়া যায় |
| ৭ | কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প | # ১২ টি ইউনিয়নের প্রতিটিতে ১ টি করে সর্বমোট ১২ টি কিশোর-কিশোরী ক্লাব কার্যক্রম পরিচালনা<br># প্রতিটি ক্লাবে ৩০ জন করে সর্বমোট ৩৬০ জন কিশোর-কিশোরীকে প্রতি সপ্তাহে দু’দিন করে সংগীত, আবৃত্তি, ও সামাজিক সচেতনতামূলক শিক্ষা দেওয়া হয়<br># প্রতিটি ক্লাসে ক্লাব সদস্যদের জন্য স্বাস্থ্যকর নাস্তা ও খেলার সামগ্রীর যোগান দেওয়া হয় | # বিদ্যালয়ে অধ্যয়নরত তৃতীয় শ্রেণী হতে দশম শ্রেণী পর্যন্ত এর মাঝে যে কোন শ্রেণীর শিক্ষার্থী হতে হবে |
| ৮ | নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ | # নারী ও শিশুদের আইনগত সহায়তা প্রদানের লক্ষ্যে জেলা ও উপজেলা পর্যায়ে গঠিত নারী নির্যাতন প্রতিরোধ কমিটির সাথে সমন্বয় সাধনপূর্বক কার্যক্রম পরিচালনা | # বিজ্ঞ আদালত হতে প্রেরিত মামলার কপি |

| ক্রমিক নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তির স্থান |
|---|---|---|---|
| | | # জেলা নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল কর্তৃক দায়িত্বপ্রাপ্ত বিভিন্ন নারীনির্যাতন মামলার তদন্ত কার্যক্রম সম্পাদনপূর্বক রিপোর্ট প্রেরণ<br># স্থানীয়ভাবে এবং ১০৯ হতে প্রাপ্ত নারী ও শিশু নির্যাতনমূলক অভিযোগের প্রেক্ষিতে প্রয়োজনীয় আইনগত পদক্ষেপ গ্রহণের ব্যাবস্থা করা | # ১০৯ হটলাইনের মাধ্যমে বিনামূল্যে মোবাইল কল<br># অভিযোগের আবেদনপত্র |
| ৯ | স্বেচ্ছাসেবী মহিলা সমিতি নিবন্ধন ও অনুদান প্রদান | # সরকার ঘোষিত অন্তর্ভুক্তিমূলক উন্নয়ন কর্মসূচীকে আরো ব্যাপৃত এবং প্রান্তিক নারীদের মাঝে সম্প্রসারণের লক্ষ্যে স্বেচ্ছাসেবী মহিলা সমিতি সমূহের নিবন্ধন প্রদান করা হয়<br># নিবন্ধিত সমিতিসমূহের কার্যক্রম পরিদর্শন ও পর্যালোচনা সাপেক্ষে বার্ষিক এককালীন অনুদান প্রদানে সুপারিশ করা হয় | # গঠনতন্ত্রের কপি<br># নির্বাচিত কার্যনির্বাহী কমিটির তালিকা<br># কার্যক্রমের ছবি এবং বিবরণী<br># নিবন্ধন ফি জমাকৃত চালানের কপি<br>#www.cboreg.<br>dwa.gov.bd<br>এই ওয়েবসাইটে গিয়ে নিবন্ধনের আবেদন করতে হয় |
| ১০ | জয়িতা পুরস্কার প্রদান ও বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক দিবস উদযাপন | # প্রান্তিক নারীদের সংগ্রাম ও সফলতার ক্ষুদ্র স্বীকৃতি প্রদানস্বরূপ বাৎসরিক ৫ টি ক্যাটাগরিতে ৫ জন করে নারীকে জয়িতা সম্মাননা প্রদান করা হয়<br># জাতীয় ও আন্তর্জাতিকভাবে উদযাপিত বিশেষ দিবসসমূহ যেমন- আন্তর্জাতিক নারী দিবস, আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ, জাতির পিতার শাহাদাৎ বার্ষিকী, বেগম রোকেয়া দিবস, জাতীয় কন্যা শিশু দিবস ইত্যাদি দিবসসমূহ সাড়ম্বরে উদযাপন করা হয় | # ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান অথবা সুশীল সমাজের কোন প্রতিনিদ্ধির মাধ্যমে নির্ধারিত আবেদন ফর্ম (এই কার্যালয় থেকে সরবরাহকৃত) দ্বারা আবেদন<br># জাতীয় পরিচয়পত্রের কপি,<br># সংগ্রাম ও সফলতার বিস্তারিত আলোচনাপূর্বক লেখা<br># সংগ্রাম ও সফলতার গল্পের সপক্ষে প্রামাণিক দলিলপত্র (যেমন- ছবি, ভিডিও, পত্রিকার কাভারেজ ইত্যাদি) |
| ১১ | সচেতনতা বৃদ্ধি ও জেন্ডার সমতামূলক কার্যক্রম | # নারী উন্নয়ন ও জেন্ডার সমতা আনয়নের বিভিন্ন জনসচেতনতামূলক কার্যক্রম গ্রহণ<br># উঠান বৈঠক, বিভিন্ন সভা, প্রশিক্ষণ, মানববন্ধন, দিবস উদযাপন ইত্যাদির মাধ্যমে, যৌতুক, বাল্য বিবাহ প্রতিরোধ, মানব পাচার প্রতিরোধ, | - |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
শ্যামনগর, সাতক্ষীরা
www.dwa.shyamnagar.satkhira.gov.bd

"শেখ হাসিনার বারতা
নারী - পুরুষ সমতা"

| ক্রমিক নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তির স্থান |
|---|---|---|---|
| | | জন্ম ও বিবাহ নিবন্ধনে উদ্বুদ্ধকরণ, এইচ আই ভি এইডস প্রতিরোধে সচেতনা বৃদ্ধি, নারীর স্বনির্ভরতা অর্জন, নারীর অধিকার রক্ষায় সিডও সনদ বাস্তবায়নে সহায়ক ভূমিকা পালন ইত্যাদি বিষয় সম্পর্কে সচেতনতা ও সামাজিক আন্দোলন গড়ে তুলতে সহায়ক ভূমিকা পালন | |